

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কবর যিয়য়বতকারিণী মহিলা জায়াতে প্রবেশ করবে না, যদিও তিনি উৎকৃষ্ট মর্যাদাশীল নারী হয়ে থাকেন ذِكْرُ نَفْي دُخُولِ الْجَنَّةِ عَنْ زَائِرَةِ الْقُبُورِ وَإِنْ كَانَتْ فَاضِلَةً خَيِّرَةً

## আরবী

3167 \_ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبِ قَالَ: حَدَّثَنَا الْمُفَضَّلُ بْنُ فَضَالَةَ عَنِ ربيعة بن سيف الْمَعَافِرِيُّ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَبَرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا فَلَمَّا فَرَغْنَا انْصَرَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَانْصَرَفْنَا مَعَهُ فَلَمَّا حَاذَى بَابَهُ وتوسَّط الطَّرِيقَ إِذَا نَحْنُ بِامْرَأَةٍ مُقْبِلَةٍ لَللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَانْصَرَفْنَا مَعَهُ فَلَمَّا حَاذَى بَابَهُ وتوسَّط الطَّرِيقَ إِذَا نَحْنُ بِامْرَأَةٍ مُقْبِلَةٍ فَلَمَّا دَنَتْ إِذَا هِي فَاطِمَةُ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا أَخْرَجَكِ يَا فَلَمَّا دَنَتْ إِذَا هِي قَالَتْ: مَا أَتْخْرَجَكِ يَا فَاطَمَةُ مِنْ بَيْتِكِ قَالَتْ: أَتَيْتُ يَا رَسُولُ اللَّهِ أَهْلَ هَذَا الْبَيْتِ فَعَزَّينا مَيِّتَهُمْ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَعْلَكَ بَلَغْتَ مَعَهُمُ الكُدى؟ ) قَالَتْ: مُعَاذَ اللَّهِ وَقَدْ سَمِعْتُكَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَوْ بَلَغْتِ مَعَهُمُ الكُدى؟ ) قَالَتْ: مُعَاذَ اللَّهِ وَقَدْ سَمِعْتُكَ تَذْكُرُ فِيهَا مَا تَذْكُرُ قَالَ: (لَوْ بَلَغْتِ مَعَهُمُ الكُدى مَا رأيتِ الْجَنَّةَ حَتَّى يَرَاهَا جِدُك أَبُو

فَسَأَلْتُ رَبِيعَةَ عَنِ الكُدى فَقَالَ: القبور

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرِو المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3167 | خلاصة حكم المحدث: ضعيف \_ ((ضعيف أبي داود)) (560).

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِفَاطِمَةَ: (لَوْ بَلَغْتِ مَعَهُمُ الكُدى مَا رَأَيْتِ الْجَنَّةَ): يُرِيدُ مَا رَأَيْتِ الْجَنَّةَ الْعَالِيَةَ الَّتِي يَدْخُلُهَا مَنْ لَمْ يَرْتَكِبْ (مَا) نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْهُ لِأَنَّ فَاطِمَةَ عَلِمَتِ النَّهْيَ قَبْلَ ذَلِكَ وَالْجَنَّةُ هِيَ جَنَّاتٌ كَثِيرَةٌ لَا جُنَّةٌ وَاحِدَةٌ وَالْمُشْرِكُ لَا يَدْخُلُ جَنَّةً مِنَ الْجِنَّانِ أَصْلًا لَا عَالِيَةً وَلَا سَافِلَةً وَلَا مَا بَيْنَهُمَا.



## বাংলা

৩১৬৭. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "একদিন আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে একজনকে কবরস্থ করার কাজ করি। অতঃপর যখন আমরা কাজ সম্পন্ন করি, তখন তিনি চলে যান। অতঃপর যখন তিনি পথিমধ্যে পৌঁছেন এবং তাঁর বাড়ির দরজা বরাবর হন, তখন আমরা সামনে এক নারীকে আসতে দেখতে পাই। যখন তিনি কাছাকাছি আসলেন, তখন দেখি তিনি ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহা। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, "হে ফাতিমা কোন জিনিস তোমাকে তোমার বাড়ি থেকে বের করেছে?" জবাবে তিনি বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমি এই বাড়িতে এসেছিলাম, তাদের মৃত ব্যক্তির জন্য সমবেদনা জানাতে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "সম্ভবত তুমি তাদের সাথে কবরস্থান পর্যন্ত গিয়েছিলে?" জবাবে তিনি বলেন, "এরকম করা থেকে আমি আল্লাহর কাছে পানাহ চাই। অথচ আমি আপনাকে এই ব্যাপারে এরকম এরকম কথা বলতে শুনেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যদি তুমি তাদের সাথে কবরস্থান পর্যন্ত যেতে, তবে তোমার দাদা জান্নাত দেখলেও তুমি জান্নাত দেখতে পেতে না!"[1]

অতঃপর আমি রবী আহকে আরবি কুদার অর্থ সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি জবাবে বলেন, "এর অর্থ কবরস্থান।"

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহার উদ্দেশ্যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য "যদি তুমি তাদের সাথে কবরস্থান পর্যন্ত যেতে, তবে তুমি জান্নাত দেখতে পেতে না!" এর দ্বারা উদ্দেশ্য হলো তবে তুমি সমুন্নত জান্নাত দেখতে পেতে না, যেখানে প্রবেশ করবেন, যারা এরকম কাজ করেনি।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহাকে গোরস্থানে যেতে নিষেধ করেননি। কারণ ফাতিমা রাদ্বিয়াল্লাহু আনহা সেই নিষেধাজ্ঞা সম্পর্কে আগেই জানতেন। আর জান্নাতের সংখ্যা অনেক। আর মুশরিকরা উচ্চ-নিম্ন-মধ্যম আদৌ কোন জান্নাতে প্রবেশ করবে না।"

## ফুটনোট

[1] সুনান নাসাঈ: ৪/২৮; মুসনাদ আহমাদ: ২/১৬৯; নাসাঈ: ৪/৩৭; হাকিম: ১/৩৭৩-৩৭৪; সুনান বাইহাকী: ৪/৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবু দাউদ: ৫৬০)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন